



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



পিআর ৭৭/২১

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ  
০৭ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসারুল্লাহ বাংলা টিম' এর ০১ সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদ ও নিজস্ব নজরদারীর ভিত্তিতে গত ০৬ সেপ্টেম্বর ২০২১ খ্রি: তারিখ ১৬.৪০ ঘটিকার সময় চাঁদপুর সদর মডেল থানাধীন চাঁদপুর পৌরসভার শিলান্দিয়া মুন্সিবাড়ী এলাকায় অভিযান পরিচালনা করে 'আনসারুল্লাহ বাংলা টিম' এর ০১ সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামী - মোহাম্মদ হোসাইন (৩১), পিতা-মুফতি সিরাজুল ইসলাম, মাতা-মনোয়ারা বেগম, স্থায়ী ঠিকানা - মধ্য তরপুর চন্ডী, চাঁদপুর সদর, চাঁদপুর। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১ টি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন, ০২ টি সীম কার্ড ও ০১ টি মেমোরি কার্ড জব্দ করেছে।

গ্রেফতারকৃত মোহাম্মদ হোসাইন সোশ্যাল মিডিয়া ও এনক্রিপ্টেড অ্যাপ ব্যবহার করে উগ্রপন্থী মতবাদ প্রচার এবং অন্যদের জঙ্গীবাদে জড়াতে উৎসাহিত করে সশস্ত্র জিহাদে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণ গ্রহণ করার জন্য উদ্বুদ্ধ করে আসছিল। এছাড়া সে দীর্ঘদিন যাবত ফেইসবুকে ফেইক আইডি ব্যবহার করে জনসাধারণের ভিতর আতঙ্ক সৃষ্টি ও ধর্মীয় উগ্রবাদী মতাদর্শ প্রচারের মাধ্যমে বাংলাদেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতি, নাশকতামূলক কার্যক্রম এবং 'আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)' এর মতাদর্শ অনলাইনে প্রচার করে আসছিল। ধৃত আসামী বিভিন্ন ফেইসবুক পেইজের উগ্রবাদী পোস্টে লাইক, কमेंট, শেয়ার করত। সে নিজেও তার ফেইক আইডি থেকে বিভিন্ন পোস্ট করে উগ্রবাদী কার্যক্রমে উৎসাহ দেওয়ার সাথে সাথে জিহাদের প্রস্তুতি গ্রহণ করছিল। ধৃত আসামী 'আনসারুল্লাহ বাংলা টিম' এর সদস্য সংগ্রহ, প্রশিক্ষণ গ্রহণ ও প্রদানের ব্যাপারে এবিটি সদস্যদের উদ্বুদ্ধ করে খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য প্রচার প্রচারণা চালিয়ে আসছিল।

গ্রেফতারকৃত আসামী মোহাম্মদ হোসাইন নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)' এর সদস্য পদ গ্রহণ, সমর্থন, অপরাধ সংগঠনের ষড়যন্ত্র এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় তার বিরুদ্ধে চাঁদপুর সদর মডেল থানার মামলা নং-১১, তারিখ-০৬/০৯/২০২১খ্রি:, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৮/৯(৩)/১০/১৩ ধারায় মামলা রুজু করা হয়েছে।

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারেনেস)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)